ভোরের কাগজ

তারিখ ... [illegible] 1 1 1999 ... ...
পৃষ্ঠা ... ১২ ... কলাম ... ১ ......

18

# বরিশাল মেডিকেলে ছাত্রলীগের ২ গ্রুপে সংঘর্ষ, আহত ১৩

বরিশাল প্রতিনিধি : হোস্টেলের সিট বন্টন ও আধিপত্য বিস্তারকে কেন্দ্র করে গত সোমবার দিবাগত মধ্যরাতে বরিশাল মেডিকেল কলেজ ক্যাম্পাসে ছাত্রলীগের (বা-অ) দু গ্রুপের মধ্যে প্রচণ্ড সংঘর্ষে কম পক্ষে ১৩ জন আহত ও ১২টি কক্ষ ভাঙচুর হয়েছে।

মেডিকেল কলেজের ছাত্র, কর্তৃপক্ষ এবং ক্যাম্পাসে মোতায়েন পুলিশের সূত্রে জানা গেছে, আধিপত্য বিস্তার ও ছাত্রাবাসের সিট বন্টন নিয়ে বরিশাল মেডিকেল কলেজ শাখা ছাত্রলীগ সভাপতি ও ছাত্র সংসদের সাবেক ভিপি রুবেল খান এবং সাধারণ সম্পাদক মোহাম্মদ হাসানের নেতৃত্বাধীন দুই গ্রুপের মধ্যে দীর্ঘদিন ধরে রেষারেষি চলছিল। রুবেল গ্রুপ ১নং হোস্টেলের ২০৪ ও ১১ নং কক্ষ দুটি বাথরুম সংলগ্ন হওয়ায় তা পরিবর্তন ও সিট পুন বন্টনের দাবি জানায়। এ নিয়ে সোমবার মধ্যরাতের পর উভয় গ্রুপের মধ্যে উত্তেজনা দেখা দিলে কলেজ অডিটোরিয়ামে আপোস আলোচনা শুরু হয়। পরে হোস্টেলে ফিরে সিদ্ধান্ত চূড়ান্ত করা হবে বলে আলোচকরা হলে ফেরার পথে রাত আড়াইটার দিকে ছাত্রাবাস মসজিদের কাছে উভয় গ্রুপের মধ্যে তীব্র সংঘর্ষ শুরু হয় এবং তা ছাত্রাবাসে ছড়িয়ে পড়ে।

প্রায় ঘন্টাব্যাপী এ সংঘর্ষের সময় ১নং ছাত্রাবাসের ২০৩ থেকে ২০৮, ২১১, ২১২, ৩১১, ৩১২ এবং সম্প্রসারিত অংশের অতিরিক্ত ১ ও ২ নং কক্ষ ভাঙচুর হয়। এরমধ্যে ২০৩, ২১১, ২১২ এবং ৩১১ নং কক্ষ ৪টি প্রায় সম্পূর্ণ বিধ্বস্ত হয়েছে। এ ঘটনায় কমপক্ষে ১৩ জন আহত হয়। আহতদের মধ্যে হাসপাতালে চিকিৎসাধীন ২য় বর্ষের বাবু, রঞ্জু ও ৪র্থ বর্ষের সুরজিতের অবস্থা গুরুতর।

কোতোয়ালি পুলিশ এ সম্পর্কে কিছু জানে না বললেও মেডিকেল কলেজ ক্যাম্পের পুলিশ জানায়, কর্তৃপক্ষের অনুমতি ও নির্দেশ না পাওয়াতে তারা কোনো পদক্ষেপ নিতে পারেনি।